মদীনার কোনো দাসী চাইলেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের হাত ধরে যেখানে ইচ্ছা তাকেসহ যেতে পারত।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, মদীনার কোনো দাসী চাইলেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের হাত ধরে যেখানে ইচ্ছা তাকেসহ যেতে পারত।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

এ হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের বিনয় ও শিষ্টাচার বর্ণনা করা হয়েছে, যদিও তিনি সৃষ্টিকুলের সর্বোত্তম ব্যক্তি ছিলেন। কারণ মদীনার কোনো দাসীও ইচ্ছা করলে তাঁর হাত ধরে তার প্রয়োজন মিটাতে যেখানে ইচ্ছা তাকেসহ সেখানে যেতে পারত; অথচ তিনি সৃষ্টিজগতের সর্বাধিক সম্মানিত ব্যক্তি ছিলেন। তিনি কখনও এ কথা বলতেন না যে, আমাকে তুমি কোথায় নিয়ে যাচ্ছ? অথবা আমাকে ব্যতীত অন্যকে নিয়ে যাও; বরং তিনি তাদের সাথে যেতেন এবং তাদের অভাব মেটাতেন, তবে এতে আল্লাহ তাঁর সম্মান ও মর্যাদা শুধু বৃদ্ধিই করেছেন। আল্লাহর সালাত ও সালাম তাঁর ওপর বর্ষিত হোক। সতর্কতা: হাদীসে দাসী কর্তৃক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের হাত ধরার অর্থ এই নয় যে, তারা তাঁর হাত স্পর্শ করেছে। হাফিয ইবন হাজার আসকালানী রহ. বলেছেন, এখানে হাত ধরার অর্থ তিনি তাদের সাথে সাথেই যেতেন, আর এটিই তাঁর কোমলতা ও নম্রতা। সকলের প্রতি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সব ধরণের বিনয় বুঝাতে হাদীসে পুরুষের কথা উল্লেখ না করে নারীর কথা উল্লেখ করা হয়েছে, আবার স্বাধীন মানুষের কথা উল্লেখ না করে দাসীর কথা বলা হয়েছে। কেননা ‘ইমা’ শব্দ দ্বারা সব ধরণের দাস-দাসী বুঝানো হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5655